




কারাগারে হাট অ্যাটাকে আক্রান্ত সাবেক প্রধান বিচারপতি খায়রুল হক, হাসপাতালে ভর্তি



সংগৃহীত ছবি

সাবেক প্রধান বিচারপতি এ বি এম খায়রুল হক কারাগারে হাট অ্যাটাক করার পর তাকে দ্রুত ঢাকা মেডিকেল বিশ্ববিদ্যালয় হাসপাতালে ভর্তি করা হয়েছে। বর্তমানে তিনি চিকিৎসাধীন আছেন।

সাবেক প্রধান বিচারপতি এ বি এম খায়রুল হক সোমবার (২৫ আগস্ট) বেলা পৌনে ১২টার দিকে কারাগারে হঠাৎ অসুস্থ হয়ে পড়েন। এরপর কেরানীগঞ্জ কেন্দ্রীয় কারাগার থেকে তাকে রাজধানীর শাহবাগে অবস্থিত বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয় হাসপাতালে নেওয়া হয়।

ঢাকা কেন্দ্রীয় কারাগার সূত্র জানিয়েছে, হাট অ্যাটাকের পরপরই তাকে জরুরি ভিত্তিতে হাসপাতালে পাঠানো হয় এবং বর্তমানে তিনি চিকিৎসকদের পর্যবেক্ষণে আছেন।

এর আগে, গত ২৪ জুলাই ধানমন্ডির বাসা থেকে খায়রুল হককে গ্রেফতার করে মহানগর গোয়েন্দা পুলিশ। পরে যাত্রাবাড়ী ধানার একটি হত্যা মামলায় গ্রেফতার দেখিয়ে আদালতে হাজির করলে বিচারক তাকে কারাগারে পাঠানোর নির্দেশ দেন।

উল্লেখ্য, খায়রুল হক ২০১০ সালের ১ অক্টোবর থেকে ২০১১ সালের ১৭ মে পর্যন্ত দেশের প্রধান বিচারপতি ছিলেন। তার নেতৃত্বাধীন আপিল বেঞ্চ ২০১১ সালের ১০ মে সংবিধানের ত্রয়োদশ সংশোধনী বাতিলের রায় দেন, যার ফলে তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা অবৈধ ঘোষণা করা হয়।